

## চতুর্থ ভারত-ইইউ সাইবার সংলাপ

ভারত-ইইউ চতুর্থ সাইবার সংলাপ অনুষ্ঠিত হল নয়াদিল্লিতে, ২৯ অগস্ট, ২০১৭। ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দেন জনাব সঞ্জয়কুমার ভার্মা, ওএসডি (এডি) পররাষ্ট্রমন্ত্রক। এছাড়াও বৈঠকে ভারতীয় তরফ থেকে অংশ নিয়েছিল ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রক, জাতীয় নিরাপত্তা পরিষদের সচিবালয়, কেন্দ্রীয় ব্যুরো অব ইনভেস্টিগেশন, টেলিযোগাযোগ বিভাগ, ন্যাশনাল ক্রিটিক্যাল তথ্য অবকাঠামো সুরক্ষা কেন্দ্র এবং জাতীয় তদন্তকারী সংস্থার প্রতিনিধিরা। অন্যদিকে, ইইউয়ের প্রতিনিধি দলকে নেতৃত্ব দেন জনাব পাওয়েল হেরসিঞ্জি, নিরাপত্তা সংক্রান্ত নীতি পরিচালক, ইউরোপীয়ান এক্সটারনাল অ্যাকশন সার্ভিস এবং তাঁর সঙ্গী ছিলেন ইউরোপীয়ান এক্সটারনাল অ্যাকশন সার্ভিস এবং নয়াদিল্লিতে ইইউয়ের প্রতিনিধি দলের কর্মকর্তারা।

ভারত ও ইইউ মুক্ত, নিরাপদ, স্থিতিশীল, শান্তিপূর্ণ, সহজপ্রাপ্য সাইবার স্পেসের প্রতি তাদের অঙ্গীকার পূর্ণব্যক্ত করে, যাতে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উদ্ভাবন সম্ভব হয়। বিশেষ করে, ভারত পূর্ণব্যক্ত করে যে, সাইবার স্পেসের ক্ষেত্রে বর্তমান আন্তর্জাতিক আইনগুলি প্রয়োগ করার বিষয়ে এবং এগুলি আরও কঠোর করা এবং মেনে চলা প্রতিটি রাষ্ট্রের কর্তব্য বলে উল্লেখ করে। বিভিন্ন আঞ্চলিক, আন্তর্জাতিক ও বহুপাক্ষিক উদ্যোগের উপর গুরুত্ব আরোপ করার কথা বলা হয়, বিশেষ করে সেই সব পদক্ষেপ যেখানে জাতিসংঘ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, একইসঙ্গে এই সব বিষয়ে সাইবার ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধির বিষয়ে আলোচনা চালানোর উপর গুরুত্ব আরোপ করা হয়। উভয় পক্ষ পূর্ণব্যক্ত করে যে, দ্বিপাক্ষিক সাইবার সংলাপের ফলে বিদ্যমান ও ভবিষ্যত সহযোগিতার ভিত্তি আরও দৃঢ় হবে।

গার্হস্থ্য সাইবার নীতি, সাইবার হুমকি এবং তার প্রশমন, ইন্টারনেট গভর্নন্স, দ্বিপাক্ষিক সহযোগিতা প্রক্রিয়া, বিভিন্ন আন্তর্জাতিক এবং আঞ্চলিক মঞ্চে প্রয়োজনীয় সহযোগিতা-সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। ভারতের তরফ থেকে জানানো হয় ২০১৭ সালের ২৩-২৪ নভেম্বর নয়াদিল্লিতে সাইবার স্পেস সংক্রান্ত পঞ্চম আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করা হবে নয়াদিল্লিতে। উভয় পক্ষ সহমত হয় যে, এই আলোচনা ভারত-ইইউ সম্পর্কের ক্ষেত্রে গভীরতা বৃদ্ধি করবে।

উভয় পক্ষ সহমত হয়েছে ২০১৮ সালে পরবর্তী ভারত-ইইউ সাইবার সংলাপ অনুষ্ঠিত হবে ব্রাসেলসে।

নয়াদিল্লি

অগস্ট ৩০, ২০১৭